

WEST BENGAL COLLEGE & UNIVERSITY TEACHERS' ASSOCIATION

(REGISTERED UNDER ACT XXI 1960)

89, MAHATMA GANDHI ROAD, KOLKATA-700007

Telefax: 2241-2060/ 2219-8930, E-mail: wbcuta@yahoo.com

Website: <http://www.wbcuta.org>

Circular No. 6/2020

Dated the 9th July, 2020

কনভেনার, প্রাইমারী ইউনিট, পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি,

সম্পাদক, জেলা কমিটি,

সার্থী,

চরম এক অস্থির সময়ের মুখোমুখি সারা পৃথিবী, মানব সভ্যতা আজ বিপন্ন। এমন প্রতিকূল পরিস্থিতিতে সমিতির পক্ষ থেকে আপনাদের সকলের সার্বিক সুস্থতা কামনা করি। উদ্ভূত পরিস্থিতিতে গত ২৩ মার্চ, ২০২০ থেকে বর্তমান সময় পর্যন্ত সমিতির কার্যালয় বন্ধ। প্রায় শতবর্ষে উন্নীত আমাদের প্রিয় সমিতি নিশ্চয়ই এই বিপর্যয় কাটিয়ে যুগে দাঁড়াবে, এ আমাদের প্রত্যাশা। সমিতির আহ্বানে সাড়া দিয়ে আপনারা মাননীয় মুখ্যমন্ত্রীর ত্রান তহবিলে যে আর্থিক সাহায্য অন লাইনে সমিতির ব্যাঙ্ক এ্যাকাউন্টে পাঠিয়েছিলেন, আপনাদের সেই সম্মিলিত সাহায্য দশ লক্ষ টাকা গত ৮ জুলাই, ২০২০ বুধবার 'পশ্চিমবঙ্গ রাজ্য জরুরী ত্রান তহবিল'-এ পাঠানো হয়েছে। সমিতির কার্যালয় খুললে আপনারা নিজ নিজ অনুদানের রসিদ সংগ্রহ করবেন।

আপনারা অবগত আছেন 'কোভিড-১৯'-এর আক্রমণের মাঝেই গত ২০ মে, ২০২০ 'আমফান' নামক এক বিধ্বংসী ঝড়ে আমাদের রাজ্যের জনজীবন স্তব্ধ হয়। সমিতির নেতৃত্ব এই অত্যন্ত কঠিন পরিস্থিতির মধ্যেই অত্যধিক সক্রিয়তার সাথে সদস্যবন্ধুদের দীর্ঘ দিনের বঞ্চনার অবসান ঘটিয়ে পে কমিশনের প্রস্তাব অনুযায়ী নতুন বেতনক্রম ১ জুন, ২০২০ থেকে লাগু করতে সক্ষম হয়। ইতিমধ্যেই সমিতির মুর্শিদাবাদ জেলা কমিটি, দক্ষিণ ২৪ পরগনা জেলা কমিটি, বীরভূম জেলা কমিটি, আলিপুরদুয়ার জেলা কমিটি, পূর্ব মেদিনীপুর জেলা কমিটি, উত্তর কোলকাতা জেলা কমিটি এবং উত্তর ২৪ পরগনা জেলা কমিটি নিজেদের উদ্যোগে জেলার সদস্যবন্ধুদের সহায়তায় ত্রাণ সামগ্রী নিয়ে পৌঁছেছিলেন নিজেদের জেলায় 'আমফান' বিধ্বস্ত অসহায় মানুষের পাশাপাশি 'কোভিড ১৯'-এ কাজ হারানো মানুষের পাশে। সমিতির রাজ্য কমিটির পক্ষ থেকে উল্লেখিত জেলাগুলির নেতৃত্ব এবং সদস্যবন্ধুদের জানাই হৃদয়ক অভিনন্দন।

সমিতির তিরানকিই বছরের ইতিহাসে গত ২৬ জুন, ২০২০ শুক্রবার অন লাইনে প্রথম সমিতির কর্মসমিতির বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বর্তমান অবস্থার প্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে ২০২০ সালে অন লাইনে সদস্যপদ নবীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সমিতির কার্যালয় খুললে আপনারা অতীতের মত সমিতিতে এসেও সদস্যপদ নবীকরণের কাজ সম্পাদন করতে পারবেন। আপনারা কাছে সনির্ভব অনুরোধ পরিস্থিতির গুরত্ব অনুধাবন করে যত শীঘ্র সম্ভব আপনারা নিজ নিজ প্রাথমিক শাখার সদস্যপদ নবীকরণের অর্থ (সদস্য প্রতি তিনশত টাকা) এবং সমিতির সংগ্রামী তহবিলে দেয় অর্থ (সদস্য প্রতি নূন্যতম দুইশত টাকা) অন লাইনে সমিতির ব্যাঙ্ক এ্যাকাউন্টে জমা করুন। প্রত্যেক প্রাথমিক শাখার আহ্বায়ককে দায়িত্ব নিয়ে তাঁর শাখার প্রত্যেক সদস্যের কাছ থেকে সদস্যপদ নবীকরণ এবং সমিতির সংগ্রামী তহবিলে দেয় অর্থ অর্থাৎ সদস্য প্রতি পঁচাত্তর টাকা নিজের ব্যাঙ্ক এ্যাকাউন্টে সংগ্রহ করে মহাবিদ্যালয় অথবা বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক শাখা হিসেবে অন লাইনে সমিতির ব্যাঙ্ক এ্যাকাউন্টে জমা করতে হবে। কেবলমাত্র হিসাবের সুবিধার্থে সদস্যবন্ধুদের প্রাথমিক শাখার আহ্বায়কদের মাধ্যমে সদস্যপদ নবীকরণের অনুরোধ করা হচ্ছে। সমিতির ব্যাঙ্ক এ্যাকাউন্টে টাকা জমা করে আহ্বায়কবন্ধু নিজের নিজের প্রাথমিক শাখার সদস্যদের নামের তালিকায় অন লাইন টাকা জমা দেবার ব্যাঙ্ক ট্রানজাকসান নম্বর অবশ্যই উল্লেখ করে ওই সদস্য তালিকা সমিতির কার্যালয় নির্বাহক শ্রী প্রবীর দাস মহাশয়ের ফোন-এ [নম্বর +৯১৮০১৭০৭৮৩৭২] হোয়াটসঅ্যাপ করবেন। পরবর্তী সময়ে সুবিধামত সমিতির কার্যালয় থেকে রসিদ সংগ্রহ করবেন। সমিতির ব্যাঙ্ক এ্যাকাউন্ট হ'ল: **United Bank of India, College Street Branch, Name of the Account: West Bengal College and University Teachers' Association/ WBCUTA, Account Number: 0083010798347, IFSC: UTBI0COL108।**

আশাকরি অতীতের মতো আপনাদের সকলের সহযোগিতায় আমরা এই প্রতিকূল পরিস্থিতি কাটিয়ে উঠতে সক্ষম হবো।

শুভেচ্ছা সহ,
কেশব ভট্টাচার্য।